# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | জেলার খবর | 27 March, 2025

ভারত থেকে সাড়ে ৯ হাজার মেট্রিক টন চাল নিয়ে একটি জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে।বৃহস্পতিবার (২৭ মার্চ) খাদ্য মন্ত্রণালয় সিনিয়র তথ্য অফিসার ও জনসংযোগ কর্মকর্তা ইমদাদ ইসলাম সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ১৫ জানুয়ারি ২০২৫ তারিখে সম্পাদিত আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র চুক্তির আওতায় (প্যাকেজ-৫) ভারত থেকে ৯ হাজার ৫ শত মেট্রিক টন সিদ্ধ চাল নিয়ে এমভি ইয়ং শেং ১৫১ জাহাজটি চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে।

উন্মুক্ত দরপত্র চুক্তির আওতায় ভারত থেকে ০৯ টি প্যাকেজে মোট ৪ লাখ ৫০ হাজার মেট্রিক টন চাল আমদানির চুক্তি হয়েছে।এর মধ্যে ২ লাখ ৯৭ হাজার ২৬৯ মেট্রিক টন চাল ইতোমধ্যে দেশে পৌঁছেছে।জাহাজে রক্ষিত চালের নমুনা পরীক্ষা ইতোমধ্যে শেষ হয়েছে এবং চাল খালাসের কার্যক্রম দ্রুত শুরু হবে।এ জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এর আগে গত ২২ মার্চ জি টু জি চুক্তির আওতায় (৩য় চালান) ভিয়েতনাম থেকে ২৯ হাজার মেট্রিক টন আতপ চাল নিয়ে এমভি ওবিই দিনারেস জাহাজটি চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে।জাহাজে রক্ষিত চালের নমুনা পরীক্ষা ইতোমধ্যে শেষ হয়েছে এবং চাল খালাসের কার্যক্রম দ্রুত শুরু হয়েছে।

এর আগে গত ১৭ মার্চ ভারত এবং ভিয়েতনাম থেকে ৩৫ হাজার মেট্রিক টন চাল নিয়ে দুইটি জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে।এরমধ্যে ভারত থেকে ২২ হাজার ৫ শত মেট্রিক টন সিদ্ধ চাল এবং ভিয়েতনাম থেকে ১২ হাজার ৫ শত মেট্রিক টন আতপ চাল রয়েছে।তার আগে গত ১৫ মার্চ জি টু জি চুক্তির আওতায় পাকিস্তান থেকে ২৬ হাজার ২৫০ মেট্রিক টন আতপ চাল নিয়ে এমভি মারিয়াম জাহাজটি চট্টগ্রাম বন্দরে আসে।

গত ০৫ মার্চ জি টু জি ভিত্তিতে ভারত ও পাকিস্তান থেকে ৩৭ হাজার ২৫০ মেট্রিক টন চাল নিয়ে দুটি জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে।এর মধ্যে পাকিস্তান থেকে ২৬ হাজার ২৫০ মেট্রিক টন এবং ভারত থেকে ১১ হাজার মেট্রিক টন চাল রয়েছে।

চট্টগ্রাম বন্দর ভারত চাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:08

URL: https://www.timestodaybd.com/public/countrywide/922924106